



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

## ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবি/মাধ্য-১/পনি-৪৫

তারিখ : ৩০/০৯/২০২৫

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন মঞ্জুরী/একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র বৃত্তি পরীক্ষার Online-এ ফরম পূরণের নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমা দেয়ার নিয়মাবলীসহ তারিখ নিম্নরূপে নির্ধারণ করা হ'ল।

১. **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন :** শিক্ষার্থীদের তথ্য সম্ভাব্য তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইট ([www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd))-এ ১২/১০/২০২৫ তারিখ থেকে পাওয়া যাবে। ঐ দিন থেকে ওয়েব সাইট হতে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তালিকা **Print (Download)** করা যাবে এবং Online-এ কাজ করতে পারবেন। ১৯/১০/২০২৫ তারিখের মধ্যে কাজ শেষ করতে হবে। প্রয়োজনীয় ফরম পূরণ ফি বাবদ অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে, সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী- এর অনুকূলে ক্রেয়কৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উক্ত মূল রশিদ হিসাব আয় শাখায় জমা দেয়ার পর পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত এক সেট প্রিন্টকপি ও রশিদ এর ফটোকপি মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে এবং এক সেট অফিসে সংরক্ষণ করতে হবে।

২. ২০২৫ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র বৃত্তি পরীক্ষার ফরম পূরণের জন্য নতুন কোন **Password** দেয়া হবে না। নিবন্ধনের সময় সরবরাহকৃত **Password-ই** ফরম পূরণের **Password** হিসেবে ব্যবহার করতে হবে।

৩. সোনালী সেবার রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র জমাদানের বিবরণ :

৪। ফি জমা সর্বশেষ তারিখ: ১৯/১০/২০২৫

(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী-৪০০.০০ (চারশত) টাকা।

(খ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী-২০০.০০ (দুইশত) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)।

(গ) Online-এ ফরম পূরণ (eFF): ১৩/১০/২০২৫ তারিখ হতে ১৯/১০/২০২৫ তারিখ পর্যন্ত।

৫. **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ইংরেজি ভাষায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে হাতে হাতে ১৫/১০/২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষায় পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৬. **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন :** কোন অবস্থাতেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা মাতা/ অভিভাবকের বদলীর/যুক্তিসংগত অন্য কোন কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫-এর নীতিমালার আলোকে তার ফরম পূরণ করতে হবে।

৭. **পরীক্ষায় অংশগ্রহণের বিষয় :** নিম্নের ৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

১) বাংলা (১০১)	পূর্ণমান-১০০
২) ইংরেজি (১০৭)	পূর্ণমান-১০০
৩) গণিত (১০৯)	পূর্ণমান-১০০
৪) বিজ্ঞান (১২৭)	পূর্ণমান-৫০
৫) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০)	পূর্ণমান-৫০

৮. জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫-এর নীতিমালা এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৯. জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর ফরম পূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষণ করে।



প্রফেসর মো. আরিফুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন # ০২৫৮৮৮৫৬২৩১

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. ডি.আই.জি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
৫. পুলিশ কমিশনার, রাজশাহী
৬. আঞ্চলিক পরিচালক, রাজশাহী অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৭. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৮. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৯. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা
১০. প্রধান শিক্ষক, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. উপ-পরিক্ষা নিয়ন্ত্রক, গোপনীয়/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. অফিস কপি



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন # ০২৫৮৮৮৫৬২৩১